ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩৯৭
বিশালগড়, ২৪ অক্টোবর, ২০২৫

**জলবায়ু পরিবর্তন সমস্যা থেকে বেরিয়ে আসার জন্য সবাই মিলে সমাধান সূত্র বের করতে হবে ঃ উচ্চশিক্ষা মন্ত্রী**

জলবায়ু পরিবর্তন শুধুমাত্র ভবিষ্যতের সমস্যা নয় এটা বর্তমান সময়েরও বাস্তবতা। এবিষয়টির সঙ্গে মানব সভ্যতার অস্তিত্ব রক্ষার প্রশ্ন জড়িয়ে গেছে। তাই সবাই মিলেই এই পরিবেশ থেকে বেরিয়ে আসার সমাধান সূত্র বের করতে হবে। আজ মোহনপুরের স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের কনফারেন্স হলে দু'দিনব্যাপী 'বিশ্ব উষ্ণায়ন : সংকট বোঝা, প্রভাব এবং দূষিত বিশ্বে স্থিতিশীল ভবিষ্যতের পথ' শীর্ষক সেমিনারের উদ্বোধন করে উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ একথা বলেন। তিনি বলেন, বিশ্ব উষ্ণায়ণ শব্দটি এখন খুবই প্রাসঙ্গিক। এর সংকট, প্রভাব, ভবিষ্যৎ পথ নির্দেশনার বিষয়টি শুধু একাডেমিক আলোচনার বিষয় নয় এর সঙ্গে মানব সভ্যতার অস্তিত্বের বিষয়টিও জড়িয়ে গেছে। তিনি বলেন, সারা বিশ্বের তাপমাত্রা বৃদ্ধি পাওয়ায় কোথাও অস্বাভাবিক বৃষ্টিপাত হচ্ছে, কোথাও সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি পাচ্ছে। জৈব বৈচিত্রের ভারসাম্য বজায় রাখার মাধ্যমে পৃথিবীর অস্তিত্ব বজায় রাখা এখন সবার কাছেই একটা চ্যালেঞ্জ হিসেবে দাঁড়িয়ে গেছে। উচ্চশিক্ষা মন্ত্রী বলেন, গত বছর দিল্লি, রাজস্থান, গুজরাটের মতো বিভিন্ন রাজ্যের তাপমাত্রা ৫০ ডিগ্রী সেলসিয়াসের উপর চলে গিয়েছিল। এখন ত্রিপুরাতেও বিভিন্ন সময়ে তাপমাত্রা ৪০ ডিগ্রির উপর চলে যাওয়ার প্রবণতা দেখা যাচ্ছে। এসবই হচ্ছে বিশ্ব উষ্ণায়ণের প্রভাবে। তিনি বলেন, যেকোন মূল্যে আমাদের পৃথিবীর অস্তিত্ব রক্ষা করতে হবে। তবেই মানব জীবন রক্ষা পাবে। আমাদের প্রাচীন মূল্যবোধকে আধুনিক প্রযুক্তির সাথে মিলিয়ে যদি আমরা চলতে পারি তবে ভারত এক্ষেত্রে সমগ্র বিশ্বের কাছেই একটা পথ দেখাতে পারবে। তিনি বলেন রাজ্যের বর্তমান সরকারও এই চ্যালেঞ্জ মোকাবিলায় বিভিন্ন বাস্তব পদক্ষেপ নিচ্ছে। সবুজ ত্রিপুরা অভিযান, প্লাস্টিক মুক্ত রাজ্য গঠনের উদ্যোগ ইত্যাদি এই পদক্ষেপের মধ্যে রয়েছে।

সেমিনারে এছাড়াও বক্তব্য রাখেন উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেষ দেববর্মা, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর শ্যামল দাস, ইকফাই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর বিপ্লব হালদার প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন সেমিনারের আহ্বায়ক সহকারি অধ্যাপক ড. জেমস দেববর্মা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্বামী বিবেকানন্দ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. হারাধন সাহা।

******